# ১৩ নভেম্বর ২০১১ জলবায়ু ন্যায্যতা দিবস পালনের আহ্বান

জলবায়ুর ত্বরিৎ পরিবর্তনের কারণে ‘পরিমাণ’ ও ‘ঝোঁক’ উভয় দিক দিয়েই এ সংক্রান্ত চরম ঘটনাবলী পৌনপুনিকতা ও ভয়াবহতা বৃদ্ধি পাচ্ছে। গত পঞ্চাশ বছরে বাংলাদেশের উপকূলবর্তী সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা ০.৪৫ ডিগ্রি সেলসিয়াস বেড়ে গেছে।

মাত্র দুই-তিন দশক আগে জুনের প্রথম সপ্তাহ থেকে মধ্য নভেম্বর পর্যন্ত মৌসুমি বায়ুপ্রবাহের সময় প্রতিবছর গড়ে চার থেকে পাঁচবার আবহাওয়ার ৩ নম্বর সতর্ক সঙ্কেত জারি করা হতো। ২০০৮ সালে তা বেড়ে তিনগুণ হয়ে গেছে। ২০১০ সালেও ১৪ বার তিন নম্বর সতর্ক সঙ্কেত ঘোষণা করা হয়েছে। ঘন ঘন তিন নম্বর সতর্ক সঙ্কেত ঘোষণা করায় সমুদ্রগামী জেলেদের জীবন-জীবিকা ইতিমধ্যে হুমকিগ্রস্ত হয়ে পড়েছে।

গত ২০ বছরে কক্সবাজারের বাকখালী পয়েন্টে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়েছে ২৯ মিমি। সমুদ্রস্ফীতির ফলে ইতিমধ্যে দক্ষিণ তালপট্টি দ্বীপ নিমজ্জিত হয়ে গেছে। অন্যান্য দ্বীপগুলোও ক্রমশ হারিয়ে যাচ্ছে সমুদ্রের গভীরে। ক্রমবর্ধমান ভাঙনের কারণে কুতুবদিয়া, সন্দ্বীপ, হাতিয়াসহ দ্বীপগুলো হুমকির মুখোমুখি হয়ে পড়েছে। বিগত ৫ বছরের মধ্যে সাইক্লোন সিডর ও আইলার আঘাতে দু’ দুবার উপকূলীয় অঞ্চল লণ্ডভণ্ড হয়ে যায়। এরই মধ্যে বিজলী ও নার্গিসের মতো আরও কয়েকটি ঘূর্ণিঝড় বাংলাদেশের উপকূল ঘেঁষে পার্শ্ববর্তী দেশগুলোয় আঘাত হানে।

জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশ কতোটা ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে তা অনেকগুলো আন্তর্জাতিক গবেষণায় দেখানো হয়েছে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ড. ক্যারোলিন সুলিভান, যুক্তরাজ্যের ম্যাপলক্রফট ও জার্মানওয়াচ-এর জলবায়ু ঝুঁকি সূচকে বাংলাদেশকে বর্তমান ও আগামী ৩০ বছরের জন্য সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ দেশ হিশেবে উল্লেখ করা হয়েছে।

একাধিক গবেষণায় দেখা গেছে যে, জলবায়ুঘটিত দুর্যোগের ফলে বাংলাদেশের কমপক্ষে ২ কোটি মানুষের জীবন-জীবিকা পুরোপুরি হুমকির মুখোমুখি হয়ে পড়েছে। এর মধ্যে কমপক্ষে ৬ লক্ষ মানুষ প্রতিবছর বাধ্যতামূলক বাস্তুচ্যুতির শিকার হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশলপত্র ও কর্মপরিকল্পনা (বিসিসিএসএপি ২০০৯)তে বলা হয়েছে, ২০৫০ সাল নাগাদ জলবায়ু ঝুঁকিপূর্ণ এলাকাগুলো থেকে কমপক্ষে ২ কোটি মানুষ অভিবাসন করতে বাধ্য হবে।

বাংলাদেশ ইতিমধ্যেই জলবায়ু পরিবর্তনের কয়েকটি চরম

# Call for observing Climate Justice Day on 13 November 2011

Change of climate and the tendency of related extreme ‘events’ and ‘tendencies’ is increasing both in intensity and frequency due to climate change. Sea-surface temperatures near the Bangladesh coast have increased by about 0.45 degrees Celsius in last five decades.

Only two or three decades back, the number of the local cautionary signal number three, on average, was used four to five times from the first week of June to mid-November. However, in 2008, the number tripled during the corresponding period. In 2010, the signal was used 14 times.

In last 20 years, the higher sea level at Bakkhali Point raised by 29 mm. Over the decade South Talpotti island is already disappeared. Other islands are on the same path. Inhabited islands like Kutubdia, Swandip and Hatia are under threat due to coastal erosion. The coastal zone was seriously damaged by 2 devastating cyclones in last 5 years. The country nearly escaped from Bijlee and Nargis-like cyclones.

Many international studies exposed the vulnerability of Bangladesh due to climate change. According to the climate risk indexes of Oxford Professor Dr. Caroline Sullivan, UK based Maplecroft and Germanwatch, Bangladesh is the most vulnerable country in present and coming 30 years.

Several studies show that the climate induced disasters are hampering the lives and livelihoods of at least 20 million people in Bangladesh. Among them at least 600 thousand people are displaced each year. Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP 2009) estimate that at least 20 million people will have to migrate, by 2050, from the climate hotspots.

Bangladesh has already experienced some adverse impacts of climate change. Super

Agrajatra (Chittagong), AOSED (Khulna), ASDO (Khulna), ASED (Barisal), AVAS (Barisal), CDAC (Patuakhali), CDP (Khulna), CGC (Dhaka), CHANCE (Barguna), Coast Trust (Bhola), DEAPTA (Satkhira), Dhrupad (Khulna), DOCAP (Barguna),EFADF (Khulna), Humanitywatch (Khulna), ICDA (Barisal), IDO (Jessore), IDEAL (Satkhira), IDF (Satkhira), ISDE Bangladesh (Chittagong), Jago Nari (Barguna), JJS (Khulna), Khalifa Foundation (Barguna), LEDARS (Satkhira), LOCOS, Muktir Alo (Khulna), NSS (Barguna), NCC-B (Dhaka), PACP (Dhaka), PPC (Pirojpur), PGUS (Pirojpur), PRAN (Noakhali), Pothikrit (Khulna), Prantojon Trust (Barisal), Prattaya (Cox's Bazaar), Progoti (Satkhira), Rupayan (Khulna), SACO (Barguna), Shahai Foundation (Cox's Bazaar), Shapla Ful (Patuakhali), Songsoptaque (Chittagong), SOPAN (Satkhira), SPS (Khulna), Sudipti (Satkhira), Sundarban Foundation (Satkhira), Supti (Bagerhat), Uddayam (Barguna) and Uttaran (Satkhira)

**Campaign for Sustainable Rural Livelihoods (CSRL)**

প্রভাবের শিকার হয়েছে। ২০০৭ সালের ১৫ নভেম্বর ভয়াবহ ঘূর্ণিঝড় 'সিডর' দেশের উপকূলে আঘাত হানে। এ ঘূর্ণিঝড়ের আঘাতে সাড়ে তিন হাজার মানুষের প্রাণহানি ঘটে, ঘরবাড়ি হারায় ১ কোটিরও বেশি। ৩০ হাজারেরও বেশি মানুষ এ ঘূর্ণিঝড়ের ফলে দীর্ঘমেয়াদি বাস্তুচ্যুত জনগোষ্ঠীতে পরিণত হয়। এরপর মাত্র দেড় বছরের মাথায় ২০০৯ সালের ২৫ মে আঘাত হানে সাইক্লোন 'আইলা'। এ ঘূর্ণিঝড়ে মানবমৃত্যু তুলনামূলকভাবে কম হলেও প্রায় ৩ লাখ মানুষ ঘরবাড়ি হারিয়ে বেড়িবাঁধের উপর আশ্রয় নেয়। দীর্ঘমেয়াদে বাস্তুচ্যুত হয়ে যায় প্রায় ১৫ হাজার।

সামগ্রিকভাবে, জলবায়ু পরিবর্তন বাংলাদেশের জন্য ফাঁসির দড়িতে পরিণত হয়েছে। এ কারণে জাতিসঙ্ঘ, শিল্পোন্নত দেশগুলো এবং বাংলাদেশ সরকারের আমরা ৫টি দাবি সারা পৃথিবীর সামনে উপস্থাপন করছি :

– ব্যাপক মাত্রায় কার্বন নির্গমন কমানোর আইনি বাধ্যবাধকতাপূর্ণ প্রোটোকল গ্রহণ করতে হবে;
– জাতিসঙ্ঘের তত্ত্বাবধানে জলবায়ু তহবিলের ন্যায্য ও রাষ্ট্রীয় অংশীদারিত্ব নিশ্চিত করতে হবে;
– জলবায়ু তহবিল ব্যবস্থাপনায় বিশ্বব্যাংকের অন্তর্ভূক্তি বাতিল করতে হবে;
– জলবায়ু-বাস্তুচ্যুতদের সার্বজনীন মুক্ত মানুষ হিশেবে উন্নত দেশগুলোয় প্রবেশাধিকার দিতে হবে; এবং
– কার্বন বাণিজ্যের মতো জলবায়ু বিপর্যয়ের অসার পরিকল্পনা বাতিল করতে হবে।

প্রতিবছরের মতো এ বছরও ২৯ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত দক্ষিণ আফ্রিকার ডারবানে জাতিসঙ্ঘ জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ সম্মেলনে বিশ্বনেতৃবৃন্দ ২০১২ সালের পর গ্রীনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং ক্ষতিগ্রস্ত দেশগুলোকে অর্থায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। ২০০৭ সালে এই জলবায়ু সম্মেলনের মাত্র কয়েকদিন আগে সঙ্ঘটিত সিডর সারা পৃথিবীতে জলবায়ু পরিবর্তনের ভয়াবহতার বার্তা পৌছে দেয়। এ ঘটনা দুটিকে সামনে রেখে আমরা প্রতিবছর ১৫ নভেম্বর 'বাংলাদেশ জলবায়ু ন্যায্যতা দিবস' পালনের উদ্যোগ নিয়েছি।

এ বছর ১৫ নভেম্বরের ৪ দিন আগে (১১-১৪ নভেম্বর ২০১১) জাতিসঙ্ঘের মহাসচিব বান কি মুন বাংলাদেশ সফরে আসছেন। আগামী ১৩-১৪ নভেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে জলবায়ু বিপদাপন্ন দেশগুলোর সম্মেলন। এ সময়েই ন্যায্য দাবিগুলো উত্থাপনের উদ্দেশ্যে আমরা দিবসটি এবারের মতো ১৩ নভেম্বর পালনের উদ্যোগ নিয়েছি।

ইতিমধ্যে গ্রামীণ জীবনযাত্রার স্থায়িত্বশীল উন্নয়নের জন্য প্রচারাভিযান (সিএসআরএল), ইক্যুইটি অ্যান্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ-বাংলাদেশ (ইক্যুইটিবিডি), হিউম্যানিটিওয়াচ, আইএসডিই-বাংলাদেশ, জাগো নারী, পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড অ্যাকশন নেটওয়ার্ক (প্রান), পিরোজপুর গণউন্নয়ন সমিতি (পিজিইউএস), প্রান্তজন ট্রাস্ট, প্রগতি ও সহায় ফাউন্ডেশন আমাদের আহ্বানে সাড়া দিয়েছে।

আপনাদের সকলকে সহ-আয়োজক হিশেবে যোগ দেয়ার জন্য সবিনয় আহ্বান জানাই।

cyclone Sidr hit the coastal zone on 15 November 2007 and caused death of more than 3,500 people. More than 10 million people lost their home and 30 thousand became permanent forced migrants. Only after 1 and half year cyclone Aila hit the coastal zone again. Though death toll is comparatively much lower, more than 300 thousand people lost their home due to huge damage of the cyclone. About 15 thousand people had to migrate from their locality due to long term inundation.

As a whole, climate change is like a manila-rope for Bangladesh and its poor people. In these circumstances, we are placing 5-point demands before United Nations, Industrialised countries and Bangladesh Government:

– Adopting a protocol with legal binding of emission reduction from industrialised countries;
– Equitable share and country-led allocation of climate funds under UN supervision;
– Exclusion of World Bank's role in Climate Fund management;
– Adoption of an international protocol dignifying climate forced migrants as Universal Natural Person with rights of free movement to the developed countries; and
– Stop emission trading schemes as they are false solution of climate change

Alike other years UNFCCC COP17 is going to organise (29 Nov-10 Dec) this year at Durban, South Africa to take decision on post 2012 climate governance and financing. Just before the Bali Conference (2007) cyclone Sidr warned the global leaders about alarming consequence of climate change. To address the COP and to memorise Sidr, we are going to observe 15 November as Climate Justice Day each year.

In this year, UN secretary general Ban Ki Moon is coming to visit Bangladesh from 11-14 November '11. In the same time, Climate Vulnerable Conference is going to organise 13-14 November in Dhaka. So, we observe the Day on 13 November only this year.

In the mean time Campaign for Sustainable Rural Livelihoods (CSRL), Equity and Justice Working Group-Bangladesh (Equitybd), Humanitywatch, ISDE-Bangladesh, Jago Nari, Participatory Research and Action Network (PRAN), Pirojpur Gono-Unnayan Samiti (PGUS), Prantojon Trust, Progoti and Shahai Foundation agreed to work together on the issue.

You all are most welcome to be a co-organiser of the event.

সংযুক্তি-১

# কর্মসূচি | Program

| ক্রমিক<br>SL # | জেলার নাম<br>District | কার্যক্রম<br>Activity | আয়োজনকারী<br>Organiser | সহযোগী<br>Associate |
|---|---|---|---|---|
| ১. | বরগুনা<br>Barguna | নদীর পাড়ে বাঁধা কমপক্ষে ২০টি জেলে নৌকার সামনে হাঁটু পানিতে জেলেদের জীবন-জীবিকা বাঁচানোর আকুতি<br>Vulnerable fishermen projection on the riverbank with their boats | জাগো নারী<br>Jago Nari | ইক্যুইটিবিডি, চান্স, ডোকাপ, খলিফা ফাউন্ডেশন, এনএসএস, ইউএসইউএস, সাকো, হিউম্যানিটিওয়াচ, উত্তরণ<br>Equitybd, CHANCE, DOCAP, Khalifa Foundation, NSS, Uddyom, SACO, Humanitywatch, Uttaran |
| ২. | বরিশাল<br>Barisal | কীর্তনখোলা নদীরে পাড়ে হাঁটু পানিতে মানববন্ধন। ডুবে যাওয়ার হাত থেকে উপকূল বাঁচানোর জন্য প্রতীকী উপস্থাপন।<br>Symbolic Human Chain in the Kirtankhola River | প্রান্তজন ট্রাস্ট<br>Prantojon Trust | আভাস, ইক্যুইটিবিডি, এএসইডি, আইসিডিএ, আইএসডিই, প্রান, প্রগতি, পিজিইউএস, জাগো নারী, সহায় ফাউন্ডেশন শাপলা ফুল, হিউম্যানিটিওয়াচ, উত্তরণ<br>AVAS, Equitybd, ASED, ICDA, ISDE, Jago Nari, PRAN, Progoti, PGUS, Shahai Foundation, Shapla Ful, Humanitywatch, Uttaran |
| ৩. | ভোলা<br>Bhola | প্রেসক্লাবের সামনে মানববন্ধন<br>Human Chain in front of Bhola Press Club | কোস্ট ট্রাস্ট<br>Coast Trust | সিএসআরএল, হিউম্যানিটিওয়াচ, আইএসডিই, জাগোনারী, পিজিইউএস, প্রান, প্রগতি, এসএসডিও, সহায় ফাউন্ডেশন, উত্তরণ<br>CSRL, Equitybd, Humanitywatch, ISDE, Jago Nari, PGUS, PRAN, Progoti, Shapla Ful, Shahai Foundation, Uttaran |
| ৪. | চট্টগ্রাম<br>Chittagong | প্রেসক্লাবের সামনে মাইম/মানববন্ধন/ মুখোশ পরে অবস্থান<br>Human Projection with the Mask of World Leaders in front of Press Club | আইএসডিই-বাংলাদেশ<br>ISDE-Bangladesh | অগ্রযাত্রা, সংশপ্তক, ইক্যুইটিবিডি, হিউম্যানিটিওয়াচ, জাগোনারী, পিজিইউএস, প্রান, প্রগতি, এসএসডিও, সহায় ফাউন্ডেশন, উত্তরণ<br>Agrajatra, Songshoptoque, Equitybd, Humanitywatch, Jago Nari, PGUS, PRAN, Progoti, Shapla Ful, Shahai Foundation, Uttaran |
| ৫. | কক্সবাজার<br>Cox's Bazaar | কক্সবাজার সমুদ্রসৈকতে মানববন্ধন<br>Human Projection at Laboni Point of Cox's Bazaar Sea Beach | সহায় ফাউন্ডেশন<br>Shahai Foundation and Coast Trust | প্রত্যয়, ইক্যুইটিবিডি, হিউম্যানিটিওয়াচ, জাগোনারী, পিজিইউএস, প্রান, প্রগতি, এসএসডিও, উত্তরণ<br>Prottoya, Equitybd, Humanitywatch, Jago Nari, PGUS, PRAN, Progoti, Shapla Ful, Uttaran |
| ৬. | খুলনা<br>Khulna | জাতিসঙ্ঘ মহাসচিবসহ বিশ্ব নেতৃবৃন্দের মুখোশ পরে মিডিয়া স্টান্ট। মুখোশ পরা নেতৃবৃন্দের নিকট সকলে দাবি পেশ করবে।<br>Human Projection with Mask of UN Secretary General and other Annex-1 Country Leaders | হিউম্যানিটিওয়াচ<br>Humanitywatch | অ্যাওসেড, এসডো, সিডিপি, ধ্রুপদ, ইএফএডিএফ, জেজেএস, লোকজ, মুক্তির আলো, পথিকৃত, প্রদীপন, রূপায়ন, এসপিএস, উত্তরণ<br>AOSED, ASDO, CDP, Dhrupad, EFADF, Equitybd, JJS, LOCOS, Muktir Alo, Pothikrit, Prodipan, Rupayan, SPS, Uttaran |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | নোয়াখালী<br><br>Noakhali | তরুণদের ইনোভেটিভ প্রোজেকশন<br><br>Youngsters projection with demands for Climate Justice | প্রান<br><br>PRAN | ইক্যুইটিবিডি, হিউম্যানিটিওয়াচ, জাগোনারী, পিজিইউএস, প্রগতি, এসএসডিও, সহায় ফাউন্ডেশন, উত্তরণ<br><br>Equitybd, Humanitywatch, ISDE-Bangladesh, Jago Nari, PGUS, Progoti, Shapla Ful, Shahai Foundation, Uttaran |
| ৮. | পটুয়াখালী<br><br>Patuakhali | সাইক্লোনে নিহত ব্যক্তিদের স্ত্রীদের প্রতীকী উপস্থাপন। সাদা শাড়ি পরে ১০ জন নারী ব্যানারের সামনে দাঁড়াবেন<br><br>Widows of the cyclone Victims projection for climate justice | শাপলাফুল (এসএসডিও)<br><br>Shapla Ful | ইক্যুইটিবিডি, সিডিএসি, আইএসডিই, জাগো নারী, পিজিইউএস, প্রান, প্রান্তজন, প্রগতি, সহায় ফাউন্ডেশন, হিউম্যানিটিওয়াচ, উত্তরণ<br><br>CDAC, Equitybd, Humanitywatch, ISDE-Bangladesh, Jago Nari, PGUS, PRAN, Progoti, Shahai Foundation, Uttaran |
| ৯. | পিরোজপুর<br><br>Pirojpur | সাইক্লোনে বিধ্বস্ত জনপদের প্রদর্শনী ও মানববন্ধন<br><br>Demonstration of a cyclone damaged Community with Human Projection | পিজিইউএস<br><br>PGUS | ইক্যুইটিবিডি, হিউম্যানিটিওয়াচ, আইএসডিই, জাগো নারী, প্রান, প্রান্তজন, সহায় ফাউন্ডেশন, শাপলা ফুল, উত্তরণ<br><br>Equitybd, Humanitywatch, ISDE-Bangladesh, Jago Nari, PRAN, Prantojon, Progoti, Shahai Foundation, Uttaran |
| ১০. | সাতক্ষীরা<br><br>Satkhira | জলাবদ্ধতা আক্রান্তদের হাড়িপাতিল, বস্তা, জামাকাপড়, ধামা-ঝুড়ি ইত্যাদি নিয়ে মিছিল<br><br>Procession of Water Logged people with their homestead materials like cooking pot, clothes in sack etc. | প্রগতি<br><br>Progoti | দীপ্ত, ইক্যুইটিবিডি, আইডিয়াল, আইডিএফ, লিডার্স, স্বদেশ, সোপান, এসএসইউএস, সুদীপ্তি, সুন্দরবন ফাউন্ডেশন, উত্তরণ<br><br>Depta, Equitybd, IDEAL, IDF, Ledars, SODESH, SOPAN, SSUS, Sudipti, Sundarban Foundation, Humanitywatch, Uttaran |

**Hasan Mehedi**
Chief Executive, Humanitywatch
+88 017 1670 2006; hwforg@gmail.com

## Local Organisers

**Campaign for Sustainable Rural Livelihoods (CSRL)**
**Coast Trust**
**Equity and Justice Working Group-Bangladesh (Equitybd)**
**Humanitywatch | ISDE Bangladesh | Jago Nari**
**Participatory Research and Action Network (PRAN)**
**Pirojpur Gono-Unnayan Samiti (PGUS)**
**Prantojon Trust | Progoti**
**Shahai Foundation | Shapla Ful | Uttaran**

ALLOW CLIMATE MIGRANTS
COMPENSATE CLIMATE VICTIMS
ANNEX-1 COUNTRIES
NO TO WORLD BANK IN CLIMATE FINANCE
REDUCE GHG EMISSION
BAN CARBON TRADING
BANGLADESH CLIMATE JUSTICE DAY
13 November 2011
BARGUNA, BARISAL, BHOLA, CHITTAGONG, COX'S BAZAAR
KHULNA, NOAKHALI, PATUAKHALI, PIROJPUR, SATKHIRA